মেহেরপুরে ২ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ২ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনী২ জন।

বুধবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৮৩ টি। তারমধ্যে ২ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫১ জন। তার মধ্যে সদরে ২০ জন, গাংনীতে ২৩ জন এবং মুজিবনগরে ৮ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৮ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৭ জন ও মুজিবনগরে ৩৯ জন।

ঝিনাইদহে জামায়াত কর্মীকে সৈনিক লীগের আহবায়ক করায় তোলপাড়

ঝিনাইদহে জামায়াত নেতাকে সদর উপজেলা সৈনিক লীগের আহবায়ক করায় তোলপাড়ের সৃষ্টি হয়েছে। এতে করে সৈনিক লীগসহ আওয়ামী লীগ নেতাকর্মীরা ক্ষুব্ধ হয়েছে। চলছে নানা আলোচনা সমালোচনা। বিষয়টি কেন্দ্রীয় কমিটির কাছে তদন্তপূর্বক করে কমিটি বাতিলের দাবি জানিয়েছেন জেলা সৈনিক লীগ ও সাধুহাটি ইউনিয়ন আওয়ামী লীগ। অভিযোগে জানা গেছে, ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না ইউনিয়নের বাদপুকুর গ্রামের বদর উদ্দিনের ছেলে ফিরোজ আহমেদ দীর্ঘদিন ধরে জামায়াতের রাজনীতি করে আসছিল। গোপনে বঙ্গবন্ধু সৈনিক লীগের কেন্দ্রীয় কমিটির ভারপ্রাপÍ সভাপতি ও সংরক্ষিত ঢাকা-১ আসনের এমপি শিরিন আহম্মেদের সাথে যোগাযোগ করে এবং তাকে ভুল বুঝিয়ে নিজে

সদর উপজেলা আহবায়ক হয়ে একটি কমিটি করে আনা হয়েছে।

কমিটি করে আনার পর ঝিনাইদহ জজ আদালতের সামনেসহ শহরের বিভিন্নস্থানে বিলবোর্ড টাঙিয়েছে। তার ভাই জাহিদুল ইসলাম জাতীয় সংসদ নির্বাচনে সন্ত্রাসী কর্মকান্ডে জড়িত থাকার অভিযোগে বিস্ফোরক আইনে মামলা হয়। সেটি এখানো চলমান রয়েছে। এ ঘটনায় জেলা সৈনিক লীগের সভাপতি সৈয়দ আল ইমরান ও সাধারন সম্পাদক আব্দুল মান্নান রানা কমিটির বাতিলের জন্য কেন্দ্রীয় কমিটি বরাবর একটি অভিযোগ পাঠিয়েছেন।

সেই অভিযোগে স্থানীয় সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শেখ মোহাম্মদ মোজাম্মেল হোসেন ও সাধারন সম্পাদক মুন্সি মোঃ শাহিন রেজা সাইদ সুপারিশ করেছেন। এব্যাপারে ঝিনাইদহ সদরের আহবায়ক ফিরোজ আহমেদের সাথে জামায়াত নেতার সম্পর্কে জানতে চাইলে তিনি বিষয়টি এড়িয়ে যান।

ঝিনাইদহে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে এক কলেজ ছাত্রের মৃত্যু

ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জিহাদ জোয়ার্দ্দার(১৮) নামে এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। গেল মঙ্গলবার রাতে সদর উপজেলা শহরের ছোট ভাটিয়াগাতী গ্রামে এঘটনা ঘটে। সে ওই গ্রামের ব্যবসায়ী সেলিম জোয়ার্দ্দারের একমাত্র ছেলে ও মোশারফ হোসেন ডিগ্রী কলেজের ২য় বর্ষের ছাত্র।

নিহতের চাচা সবুজ মিয়া জানান, রাত সাড়ে ১১টার দিকে রাতের খাবার খাচ্ছিল জিহাদ। হঠাৎ তার মোবাইলে চার্জ ফুরিয়ে যায়। ওই সময় জিহাদ নিজ ঘরে মোবাইল ফোন চার্জ দিতে যায়। সবার অজান্তে আগে থেকে প্লাগের তার ছিদ্র থাকায় চার্জার ঢুকাতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়।

সেসময় স্বজনেরা ঘটনাস্থলে থেকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। বিষয়টি নিশ্চিত করেছেন

সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা।

গাংনীতে দেড় কোটি টাকার ৬টি প্রকল্পের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে প্রায় দেড়কোটি টাকার ৬টি প্রকল্পের কাজের উদ্বোধন করা হয়েছে। বুধবার দুপুরে মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন প্রকল্প গুলোর উদ্বোধন করেন। প্রকল্প গুলোর মধ্যে রয়েছে, গাংনীর সাহারবাটি ইউনিয়ন ভূমি অফিস, ভাটপাড়া মার্কেট, দুটি রাস্তা, কৃষক ছাউনি ও একটি মাধ্যমিক বিদ্যালয় ভবন। প্রকল্প ছয়টির মধ্যে পাঁচটির বাস্তবায়ন করে এলজিইডি ও একটি বাস্তবায়ন করে উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। কৃষক ছাউনিটি এমপি সাহিদুজ্জামানের নিজস্ব বাস্তবায়ন।
এমপি সাহিদুজ্জামান বলেন, স্থানীয় মানুষের চাহিদা অনুযায়ি প্রকল্প দেয়া হয়েছিল। সেগুলো বাস্তবায়ন শেষে উদ্বোধন করা হল।

এসময় গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা,ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক,মিজানুর রহমান রানা ও জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মুর্শেদ অতুল ও জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসির জামান মৃদুল উপস্থিত ছিলেন।

মেহেরপুরেও প্রতারণার নয়া কৌশল !

পলিথিনের প্যাকেটে গুটি চীপস্। সাথে ৫০০ টাকার নোট। বোঝারই উপায় নেই এটি আসল, নাকি নকল। শুধু টাকার গায়ে লেখা আছে খেলনা

দোকানিদের এগুলো সরবরাহ করেন। এ টাকা থাকার কারনে ছোট ছোট কোমলমতি শিশুরা বেশ আকৃষ্ট হচ্ছে গুটি চিপস খেতে। বেচা বিক্রি বেশি। এ কোন কোম্পানীর তৈরী তা নির্দিষ্ট করে বলতে পারেন নি। আক্কাছ আলীর মতো কোন ব্যবসায়ি নাম প্রকাশ করতে চাইছেন না উৎপাদন প্রতিষ্ঠানের নাম। তবে প্রতারণার সংবাদে বিষ্মিত তারা। মেহেরপুর জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ বলেন, ইতিমধ্যে কয়েকটি দোকানে অভিযান চালিয়ে জরিমানা করা হয়েছে। এসব খাবার যাতে বাজারজাত করতে না পারে সেদিকেও নজর রাখা হয়েছে। তবে নমুনা টাকার বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা নেয়া দরকার । নতুবা অনেকেই প্রতারিত হবার সম্ভাবনা রয়েছে।
জেলা স্যানেটারি ইন্সপেক্টর তাজিমুল হক বলেন, এ বিষয়ে আমার জানা নেই। বেশ কয়েকদিন সদর উপজেলা স্যানেটারি ইন্সপেক্টর তরিকুল ইসলাম বিষয়টি আমাকে জানিয়েছিলেন, পরে খোঁজ নেয়া হয়নি। তবে বিষয়টি শুনলাম, মাঠপর্যায়ে দ্রুত ব্যবস্থা নেয়া হবে।
মেহেরপুর সিভিল সার্জন নাসির উদ্দীন বলেন, এসব ভাজা-পোড়া খাবার শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ ও অস্বাস্থ্যকর। এগুলো খাওয়া থেকে শিশুদের বিরত থাকতে হবে।
মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান জানান, বিষয়টি নিয়ে প্রশাসন ও পুলিশ বাহিনী কাজ করছে। সঠিক সময়ে প্রকৃত সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে।

ভাষা সৈনিক ও মুক্তিযোদ্ধা ইসমাইল হোসেন জীবন মৃত্যুর সন্ধিক্ষণে!

ভাষা সৈনিক, বীর মুক্তিযোদ্ধা ও মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক ইসমাইল হোসেন। বয়সের ভারে নুয়ে পড়া এই বীর এখন বার্ধ্যক্য জনিত রোগে আক্রান্ত হয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছেন।

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের ৩য় তলার কেবিনে

ভাবমূর্তি উজ্জ্বল করেন। সেই সময় স্থানীয়ভাবে আওয়ামী লীগের কোন সংগঠন ছিল না।

১৯৬৯ সালে মেহেরপুর মহাকুমার একমাত্র কৃষি ফার্ম (বারাদি) কৃষি শ্রমিকদের সংগঠিত করে শ্রমিক লীগ গঠন করেন এবং শ্রমিক লীগের উপদেষ্টা হিসেবে কর্তব্য পালন করেন। পরে সভাপতি নির্বাচিত হয়ে শ্রমিকলীগ সংগঠনকে আরো মজবুত ও গতিশীল করতে সক্ষম হন। ভাসানী ন্যাপের সাথে দলের বিরোধ সৃষ্টি হয় আন্দোলন ও সংঘর্ষের চরম রূপ এর প্রেক্ষিতে তাকে আবারও কারাবরণ করতে হয়।
১৯৭০ সালের নির্বাচনে দলীয় ভাবমূর্তির স্বপক্ষে এলাকায় গণজোয়ার সৃষ্টি হয়। সকলের শ্রম ও সাধনা কাজে লাগিয়ে সেই দিন নির্বাচনে মেহেরপুর জেলার সকল আসনে দলীয় সকল প্রার্থীর বিজয় লাভ করেন। দলের সাধারণ সম্পাদক হিসেবে এটা তার রাজনৈতিক জীবনের চরম পাওয়া।

১৯৭১ সালের ১৭ এপ্রিল মুজিবনগরে শপথগ্রহণ অনুষ্ঠানে জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে উপস্থিত থাকার সৌভাগ্য হয়েছিল ইসমাইল হোসেনের। স্বাধীনতার শপথ পাঠ অনুষ্ঠানে তৎকালীন প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমেদ সাহেবের নির্দেশে অধ্যাপক ইউসুফ আলী, জনাব নুরুল ইসলাম পাটোয়ারী এমপি সাহেবদের প্রত্যক্ষ সহযোগিতার কথা স্মৃতির বড় সম্পদ।

১৯৭১ সালে পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন, দলীয় কর্মীদের সবাইকে নিয়ে চলে যান ভারতে। ভারত থেকে স্বাধীন যুদ্ধ সংগঠিত করতে জীবন উৎসর্গ শপথ নিয়ে নেমে পড়েন কাজে। ভারতের হৃদয়পুর যুবক্যাম্পে প্রথম দায়িত্ব গ্রহণ করেন। পরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ মুজিবনগর সরকারের মনোনয়ন পেতে বেতাই যুবক্যাম্প কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। ১৯৭২ সালে কুষ্টিয়া জেলা রেডক্রসের সভাপতি নির্বাচিত হন। এই একই বছরে মেহেরপুর জেলা যুবলীগের সভাপতি হন।

১৯৭৫ সালে বাকশাল গঠিত হলে বঙ্গবন্ধু জেলা বাকশালের ডেপুটি সেক্রেটারি হিসেবে মনোনয়ন দান করেন। ১৯৮৯ সালে আওয়ামী লীগে ফিরে এসে ১৫ দলীয় জোট নিয়ে গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে এরশাদ বিরোধী আন্দোলনে বিশেষ ভূমিকা পালন করেন। ওনার ২৮ বছরের রাজনৈতিক জীবনে ২৪ বছর মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। ১৯৭২ সালে মেহেরপুর শহরে অবস্থিত কবি নজরুল শিক্ষা মঞ্জিল বিদ্যালয়ের সাধারণ সম্পাদক ও নারী শিক্ষা উন্নতি ও বিস্তারের জন্য শহরে মাধ্যমিক বালিকা বিদ্যালয়টি প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ধাপে আসা মোট ৩০ জন স্কুল শিক্ষার্থীদের বিনামূল্যে রক্তের গ্রুপ পরীক্ষা করানো হয়। সীমু ডায়াগনস্টিক সেন্টারের এই কার্যক্রম আগামী ১ সপ্তাহ যাবৎ চলমান থাকবে।

চুয়াডাঙ্গার যাদবপুরে প্রবাসীর স্ত্রীকে গলা কেটে হত্যা

চুয়াডাঙ্গায় পরকীয়ার জের ধরে জেসমিন খাতুন ওরফে আয়না খাতুন (৩৮) নামে এক কুয়েত প্রবাসীর স্ত্রীকে গলাকেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। মঙ্গলবার দিনগত রাত ২ টার দিকে সদর উপজেলার নতুন যাদবপুর গ্রামে ওই ঘটনা ঘটে। ঘটনাস্থল থেকে একটি ছুরি উদ্ধার করা হয়েছে।

নিহত আয়না খাতুন একই গ্রামের কুয়েত প্রবাসী হাবিবুর রহমান হাবিলের স্ত্রী। নিহতের মরদেহ ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে পুলিশ। ওই ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য তিনজনকে আটক করেছে পুলিশ।

স্থানীয়রা জানান, গত ১৮ বছর আগে জীবিকার তাগিদে কুয়েতে যান হাবিল। সেই থেকে একই গ্রামের ওসমান মন্ডলের ছেলে মামুন মন্ডল আয়না খাতুনকে বিরক্ত করতো। মঙ্গলবার দিনগত রাত ২ টার দিকে খুন হন আয়না খাতুন। সেসময় বাড়ির প্রধান ফটক ও ঘরের মূল ফটক বন্ধ ছিল। তার চিৎকারে বাড়ির আশপাশের সবাই ছুটে আসেন। কিন্তু তার আগেই মারা যান আয়না খাতুন। পরে খবর দেয়া হয় পুলিশে। খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে এসে মরদেহের পাশ থেকে একটি ছুরি উদ্ধার করে পুলিশ। মরদেহ দেখে ধর্ষণের পর হত্যা করা হয়েছে বলে ধারণা করছেন স্থানীয়রা। ওই ঘটনায় রাতেই তিনজনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করেছে পুলিশ।

আটককৃতরা হলেন- একই গ্রামের মৃত সোহরাব হোসেনের ছেলে হাসান আলী (২৮), মৃত বাহার লস্করের ছেলে আব্দুর রহমান (৫২) ও ওসমান মন্ডলের ছেলে মামুন মন্ডল (২৭)।

সরোজগঞ্জ ক্যাম্পের ভারপ্রাপ্ত কর্মকর্তা পরিদর্শক নিখিল অধিকারী জানান, কারও একার পক্ষে এই ঘটনা ঘটানো সম্ভব নয়। ধারণা করা হচ্ছে, কয়েকজন মিলে ওই হত্যাকাণ্ড ঘটিয়েছে। সকাল ৯টার দিকে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরি করা হয়েছে। পরে মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। তিনি আরও জানান, নিহতের শরীরের বিভিন্ন স্থানে ছুরিকাঘাতের চিহ্ন রয়েছে। ধর্ষণ হয়েছে কি না? তা ময়না তদন্তের পরই জানা যাবে।

চুয়াডাঙ্গায় লাশ উদ্ধারের ঘটনায় ৫ জনের বিরুদ্ধে আদালতে মামলা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার গবরগাড়া গ্রামের মেয়ে শর্মিলা আক্তার উর্মির স্বামীগৃহ উথলী থেকে ঝুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। পরিবারের দাবি উর্মিকে পরিকল্পিত ভাবে হত্যা করেছে শশুর বাড়ির লোকজন। জীবননগর থানায় মামলা না নেয়ায় উর্মির মামা বাদি হয়ে স্বামী জিউর রহমানকে প্রধান আসামী করে ৫ জনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করেছেন। তবে পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে অভিযোগ ওঠায় লাশের ময়না তদন্ত করা হয়েছে। মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

অভিযোগে জানাগেছে, চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নের গবরগাড়া গ্রামের জহুরুল ইসলামের মেয়ে শর্মিলা আক্তার উর্মি খাতুনের ২০১৩ সালে পারিবারিক ভাবে বিয়ে হয় জীননগর থানার উথলী গ্রামের তেতুল তলা পাড়ার ডেঙ্গর আলীর ছেলে জিয়াউর রহমানের সাথে।

উর্মির মা আছমা খাতুন অভিযোগ করে বলেন, বিয়ের পর থেকে নানা কারণে স্বামীসহ শশুরবাড়ির লোকজন শারিরিক ও মানষিক ভাবে উর্মির ওপর নির্যাতন করত। বিয়ের পরপরই সন্তান না হওয়ায় নানা কথা শুনতে হতো উর্মিকে। এরি মধ্যে উর্মি ৩ মাসের অন্তঃস্বত্তা হয়ে পড়লে গত ২৭ আগষ্ট স্বামী জিয়াউর রহমানসহ তার শশুরবাড়ির লোকজন পরিকল্পিত ভাবে হত্যা করে গলাই ফাঁস লাগিয়ে আত্নহত্যা করেছে বলে প্রচার

করেছে।

ঘটনার দিন দুপুরের দিকে উর্মির শশুর বাড়ি থেকে আমাদের কোন সংবাদ দেয়া হয়নি। অন্যের কাছে সংবাদ পেয়ে ছুটে যায়। আমার মেয়ে আত্নহত্যা করতে পারে না তাকে হত্যা করা হয়েছে। বিষয়টি তখনও জীবননগর থানায় গিয়ে বলে ছিলাম আমাদের কোন কথায় শুনেনি পুলিশ। পরবর্তীতে চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কাছে গিয়ে আমি একই কথা বলেছি। আমার মেয়ে আত্নহত্যা করেনি। তাকে পরিকল্পিত ভাবে হত্যা করা হয়েছে।

উর্মির মা ক্যান্সার আক্রান্ত এবং পিতা অক্ষরজ্ঞানহীন হওয়ায় উর্মির মামা আলম বাদি হয়ে গত ৬ সেপ্টম্বর বিজ্ঞ আমলী আদালত জীবননগর থানায় জিয়াউর রহমানকে প্রধান আসামী করে পিতা ডেঙ্গর আলী, মা ছালেহা বেগম,ভাই সামসুল, ভাবী সোনিয়া খাতুন ও মহাসীন আলীর ছেলে আনিছুর রহমানের বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করেছেন।

মামলার আইনজীবি নাজমুল হাসান লাভলু বলেন, বিজ্ঞ আদালতের বিচারক মানিক দাস বিষয়টি আমলে নিয়ে জীবননগর থানাকে মামলাটি এজাহার ভুক্তকরে প্রয়োজনিয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছেন।

জীবননগর থানার অফির্সার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম বলেন, বিষয়টি আইনি প্রক্রিয়াধীন রয়েছে।